দৈনিক ইত্তেফাক

তারিখ ... 03 FEB 2018 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ...

# বরিশালে অর্থনৈতিক উন্নয়নে কারিগরি শিক্ষার গুরুত্বারোপ শীর্ষক সেমিনার

■ বরিশাল অফিস

জনশক্তিকে কাজে লাগিয়ে দেশকে অর্থনৈতিকভাবে সমৃদ্ধ করে তুলতে হলে ও দেশকে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করতে হলে কারিগরি শিক্ষার ওপর অধিক গুরুত্ব দিতে হবে। "স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP)" এর প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব) এবিএম আজাদ গতকাল শুক্রবার ইনফ্রা পলিটেকনিক ইন্সটিটিউটে আয়োজিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে কারিগরি শিক্ষার ভূমিকা শীর্ষক এক আঞ্চলিক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা করেন। তিনি আরো বলেন, আমাদের দেশে এখন ডেমোগ্রাফিক ডিভিডেন্ড চলছে। এই ডেমোগ্রাফিক ডিভিডেন্ড প্রতি একশ বছরে একবার হয়ে থাকে সুতরাং আমাদেরকে এর সঠিক ব্যবহার নিশ্চিত করে এর সুফল গড়ে তুলতে হবে। আর এজন্য আমাদেরকে কারিগরি শিক্ষার ক্ষেত্রে বিশেষ গুরুত্বারোপ করতে হবে। পৃথিবীতে অর্থনৈতিকভাবে উন্নত যত দেশ আছে তাদের সবাই কারিগরি শিক্ষায় অগ্রগামী। কারিগরি শিক্ষাকে পুঁজি করেই উন্নত বিশ্বের দেশগুলো অর্থনৈতিকভাবে পৃথিবীর সেরা দেশে পরিণত হয়েছে। আমাদেরও প্রয়োজন কারিগরি শিক্ষাকে প্রাধান্য দেওয়া তা হলেই আমরাও অর্থনৈতিক সফলতা অর্জনে সফল হব। STEP প্রকল্প ২০১০ সাল থেকে বাংলাদেশে কারিগরি শিক্ষার উন্নয়নে কাজ করে যাচ্ছে। বর্তমানে দেশে কারিগরি শিক্ষায় শিক্ষার্থী ভর্তির হার মাত্র ১৪ শতাংশ যা আগামী ২০২০ সালের মধ্যে ২০ শতাংশ এবং ২০৪০ সালের মধ্যে ৪০ শতাংশে উন্নীত করার লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। কারিগরি শিক্ষার উন্নয়নে আগামী দিনগুলোতেও STEP প্রকল্প কাজ করে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সেমিনারে বিশেষ অতিথির বক্তৃতা করেন ইঞ্জিনিয়ার সৈয়দ নূরুল নবী, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), STEP কমিউনিকেশন কনসালটেন্ট জিল্লুর রহমান। সভাপতিত্ব করেন ইনফ্রা পলিটেকনিক ইন্সটিটিউট ও ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ'র (ইউজিভি) চেয়ারম্যান ড. মোঃ ইমরান চৌধুরী। সেমিনারে বরিশাল অঞ্চলের স্থানীয় প্রশাসনের প্রতিনিধি, জননিরাপত্তায় নিয়োজিত ব্যক্তিবর্গ, স্থানীয় জন-প্রতিনিধি, সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষা কর্মকর্তা, মাধ্যমিক স্কুল ও মাদ্রাসার শিক্ষক, শিল্প-কারখানার মালিক, সাংবাদিকবৃন্দ এলাকার মুক্তিযোদ্ধা ও স্বনামধন্য শিল্প ও সাংস্কৃতিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সেমিনার উপলক্ষে সকালে বর্ণাঢ্য র‌্যালির আয়োজন করা হয়। র‌্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে সার্কিট হাউজ প্রাঙ্গণে এসে শেষ হয়।